# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

স্মারক নং-৩৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২০-৪৫৯ তারিখঃ ২৫/০৭/২০২২ খ্রি.

## বিশেষ বিবেচনায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির (আলিম পরীক্ষা-২০২৩) রেজিস্ট্রেশন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত আলিম পর্যায়ের মাদ্রাসার প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯, ২০২০, ২০২১ সালে দাখিল পরীক্ষায় যে সকল শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০২১-২০২২ শিক্ষাবর্ষে (পরীক্ষা-২০২৩) আলিম একাদশ শ্রেণিতে কোথাও অনলাইনে ভর্তি ও রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারেনি, তাদের রেজিস্ট্রেশন **অত্র বোর্ডের ওয়েবসাইটে গিয়ে অনলাইন e-SIF পদ্ধতিতে নিম্নের নির্দেশাবলী অনুসরণ করে সম্পন্ন করার** জন্য সকল মাদ্রাসা প্রধানকে বলা হলো।

০১. **অনলাইনে ফি জমা ও e-SIF Submission এর তারিখঃ**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | বিলম্ব ফি সহ ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T. Slip অনুযায়ী ফি জমা করার তারিখ<br>(ফি জমার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর ছবিসহ শিক্ষার্থীদের **e-SIF** পূরণ/এন্টি করা যাবে) | ২৭/০৭/২০২২ থেকে<br>১৬/০৮/২০২২ পর্যন্ত |
| খ) | পূরণকৃত **e-SIF Final Submission** এর তারিখ | ১৭/০৮/২০২২ থেকে<br>২১/০৮/২০২২ পর্যন্ত |

০২. বোর্ড কর্তৃক আলিম স্তরে পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে না।

০৩. যে সকল মাদ্রাসায় বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে সকল মাদ্রাসার শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয় নিতে পারবে না।

০৪. উল্লেখ্য যে, অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন রেজিস্ট্রেশন কার্যক্রম করা হবে না।

০৫. বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময় বর্ধিত করা হবে না বিধায় নির্ধারিত সময়ের মধ্যেই রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে, অন্যথায় উদ্ভুত যে কোন জটিলতার জন্য মাদ্রাসা প্রধান দায়ী থাকবেন।

***Help Line no- 01776-771224, 01751-877677, 01797-767754*** *(সকাল ৯:০০টা হতে বিকাল ৫:০০টা)*

বিঃ দ্রঃ- ক) স্বাস্থ্যবিধি মেনে রেজিস্ট্রেশনের সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।
খ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত রেজিস্ট্রেশনের নির্ধারিত সময়সীমার পর এ সংক্রান্ত কোন ম্যানুয়াল আবেদন গ্রহণ করা হবে না।
গ) অত্র বিজ্ঞপ্তি এবং প্রয়োজনে বিজ্ঞপ্তির কোন সংশোধনী বোর্ডের ওয়েবসাইটে (**www.bmeb.gov.bd**) প্রকাশ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৫.০৭.২০২২

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইলঃ registrar@bmeb.gov.bd

প্রাপকঃ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
বোর্ডের আওতাধীন আলিম পর্যায়ের সকল মাদ্রাসা।

স্মারক নং-৩৭.১৬.০০০০.০০৬.৩৩.০০১.২০-৪৫৯ তারিখঃ ২৫/০৭/২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জনাব, মোঃ আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৭. পি.ও.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. পি.এ.টু পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

২৫.০৭.২২

(তৈয়ব হোসেন সরকার)
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৫৪০৩
ই-মেইলঃ drcommon@bmeb.gov.bd